

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
উন্নয়ন-৭ অধিশাখা  
[www.mohpw.gov.bd](http://www.mohpw.gov.bd)

নম্বরঃ ২৫.০০.০০০০.০২০.৩১.৪২৯.১৬-

তারিখঃ মাঘ ১৪২৬  
ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ মতামতসহ প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ জনাব শহীদ সরওয়ার নিজাম গং কর্তৃক দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সুত্রোক্ত আবেদনের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। ধানমন্ডি আবাসিক এলাকার প্লট নম্বরঃ ৭৭২ (পুরাতন) ৭২ (নতুন) রোড নম্বরঃ ১৯ (পুরাতন) সাতমসজিদ রোড-এর ৮ কাঠা ৯ ছাটাক জমি এবং এর উপর নির্মিত ভবনের ফ্লোর স্পেস/দোকান সমূহ সরেজমিনে পরিদর্শন করে নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত উল্লেখ পূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। আলোচ্য প্লটের মালিকানার ধারাবাহিক বিবরণ;
- ২। প্লটিতে বরাদপত্র ও রেজিস্ট্রির লীজ দলিল অনুযায়ী জমির মোট পরিমাণ, প্রতিবেদনাধীন অংশে জমির পরিমাণ এবং প্লটের ব্যবহারসহ বর্তমান অবস্থা; বর্তমান দখলভার,
- ৩। আলোচ্য প্লটের জমি কোনো ব্যাংক বা অর্থ লম্বী প্রতিষ্ঠানের নিকট বক্স রাখা হয়েছে কিনা;
- ৪। প্লট সংলগ্ন মেথর প্যাসেজ এর জমি আছে কিনা এবং মেথর প্যাসেজ এর জমিকে নির্মিত ভবনের সেটব্যাক হিসেবে প্রদর্শন করা হয়েছে কিনা?
- ৫। প্লটের জমি কিংবা এর কোন অংশ নিয়ে আদালতে মামলা বিচারাধীন আছে কিনা?/চলমান মামলার সর্বশেষ অবস্থা ও প্লটটি পরিত্যক্ত সম্পত্তির তালিকাত্তুকু কিনা?
- ৬। প্লটিতে বিদ্যমান ভবনটি কত তলা বিশিষ্ট এবং প্রতি তলায় কতটি ফ্ল্যাট, প্রতিটি ফ্ল্যাট/ফ্লোরের আয়তন ও হারাহরিভাবে প্রাপ্ত জমির পরিমাণ;
- ৭। প্লটিতে কোনো প্রকার অননুমোদিত অ-আবাসিক/বাণিজ্যিক ব্যবহার আছে কীনা?
- ৮। আবেদনের বিষয়ে সুস্পষ্ট মতামত।

সংযুক্তি বর্ণনামতে-----

৫৪ঃ—

(তারিক হাসান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৬৯৭৩৯

নির্বাহী প্রকৌশলী  
ঢাকা গণপূর্ত বিভাগ-২  
সেগুনবাগিচা, ঢাকা।

নম্বরঃ ২৫.০০.০০০০.০২০.৩১.৪২৯.১৬- ৭৭/২ (৩)

তারিখঃ ২৭ মাঘ ১৪২৬  
২২ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি:

- ১। শহীদ সরওয়ার নিজাম, পিতা: বজলুর রহমান নিজাম, মাতা: সামছুমেছা নিজাম, ঠিকানা: প্লট নম্বরঃ ৭৭২ (পুরাতন) ৭২ (নতুন) রোড নম্বরঃ ১৯ (পুরাতন) সাতমসজিদ রোড, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা।
- ২। সিটেম এনালিস্ট, আইসিটি সেল, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অফিস কপি/মাস্টার কপি।

(তারিক হাসান)  
সিনিয়র সহকারী সচিব